সমকাল

তারিখ 18 JUN 2017
পৃষ্ঠা ৫ কলাম ২

# শিক্ষামন্ত্রী সিওএলের কার্যনির্বাহী কমিটির সদস্য নির্বাচিত

কানাডার ভ্যাঙ্কুভারে অনুষ্ঠিত কমনওয়েলথ অব লার্নিং (সিওএল)-এর ৩৪তম বোর্ড অব গভর্নরসের সভার দ্বিতীয় দিনে গতকাল শনিবার পাঁচ সদস্যের কার্যনির্বাহী কমিটি মনোনয়ন করা হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কমিটির সদস্য নির্বাচিত হয়েছেন। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গতকালের সভায় কমনওয়েলথ অব লার্নিংয়ের ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে আলোচনা হয়। এ সময় শিক্ষামন্ত্রী অনলাইনভিত্তিক উন্মুক্ত শিক্ষা ব্যবস্থা প্রণয়নে সুপারিশ করেন। তিনি বলেন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রসার, কার্যকর ভূমিকা এবং শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষকের দক্ষতা, আত্মনিবেদন, প্রতিশ্রুতি, সততা ও নৈতিক মূল্যবোধের ওপর জোর দিয়ে দক্ষ ও সৎ ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তোলার জন্য কর্মপন্থা নির্ধারণ করা উচিত।